গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
চট্টগ্রাম
আইসিটি শাখা
www.chittagong.gov.bd

নম্বর : ০৫.৪২.১৫০০.২০২.১৩.০১০.২৩. ১৬৭

তারিখ : ০১ চৈত্র ১৪২৯ / ১৫ মার্চ ২০২৩

বিষয় : "স্মার্ট চট্টগ্রাম বেস্ট আইডিয়া এওয়ার্ড" প্রতিযোগীতার নির্দেশাবলী ও ফরম প্রেরণ সংক্রান্ত।

সূত্র : এ কার্যালয়ের স্মারক নং ০৫.৪২.১৫০০.২০২.১৩.০১০.২৩. ১৬৫ তারিখ : ০৭/০৩/২০২৩খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "স্মার্ট বাংলাদেশ" বিনির্মাণের লক্ষ্যে এটুআই ইনোভেশন ফান্ড জেলা প্রশাসকগণের জন্য স্মার্ট ডিসট্রিক্ট ইনোভেশন চ্যালেঞ্জ ২০২৩ আয়োজন করেছে।

এ ধারাবাহিকতায় জেলা প্রশাসন, চট্টগ্রাম এর উদ্যোগে চট্টগ্রাম জেলাকে "স্মার্ট চট্টগ্রাম" জেলা হিসেবে গড়ে তোলার নিমিত্ত জনসাধারণের অংশগ্রহণ নিশ্চিত করা এবং "স্মার্ট বাংলাদেশ" বিনিমার্ণের জনসম্পৃক্ততা বাড়ানোর লক্ষ্যে "স্মার্ট চট্টগ্রাম বেস্ট আইডিয়া এওয়ার্ড" আয়োজন করা হয়েছে। উক্ত প্রতিযোগিতার বিষয়ে তাঁর উপজেলায় ব্যাপক প্রচারণা চালানো এবং সভা/সেমিনার/কর্মশালার মাধ্যমে উপজেলা পর্যায়ে জনসম্পৃক্ততা বাড়াতে জেলা প্রশাসক মহোদয় কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে।

বর্ণিতাবস্থায়, তাঁর উপজেলায় সংযুক্ত ফরম, নির্দেশাবলী ও সময়সূচী অনুযায়ী "স্মার্ট চট্টগ্রাম বেস্ট আইডিয়া এওয়ার্ড" প্রতিযোগিতা সম্পন্ন করে আগামী ২৫/০৪/২০২৩খ্রি.তারিখের মধ্যে এ শাখায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে

১৫/৩/২০২৩

মিল্টন বিশ্বাস
সিনিয়র সহকারী কমিশনার
জেলা প্রশাসকের কার্যালয়
চট্টগ্রাম
acictchittagong@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার(সকল)------------------উপজেলা,
চট্টগ্রাম

অনুলিপি :

০১। স্টাফ অফিসার টু ডিসি, চট্টগ্রাম (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)

# স্মার্ট চট্টগ্রাম বেস্ট আইডিয়া এওয়ার্ড

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্বপ্নের সোনার বাংলা গড়ার প্রত্যয়ে তাঁরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০০৮ সালে ঘোষণা করেছিলেন রূপকল্প ২০২১: ডিজিটাল বাংলাদেশ। এ লক্ষ্য অর্জিত হবার পর আমাদের পরবর্তী গন্তব্য রূপকল্প ২০৪১: স্মার্ট বাংলাদেশ, যা অর্জনের মাধ্যমে আমরা জ্ঞানভিত্তিক, উদ্ভাবনী ও অন্তর্ভূক্তিমূলক উচ্চ আয়ের দেশে পরিণত হব।

এ লক্ষ্যে জেলা প্রশাসন, চট্টগ্রাম এর উদ্যোগে চট্টগ্রাম জেলাকে বাংলাদেশের প্রথম স্মার্ট জেলা বিনির্মাণের জন্য "স্মার্ট চট্টগ্রাম বেস্ট আইডিয়া এওয়ার্ড" প্রতিযোগীতার আয়োজন করা হচ্ছে। এ প্রতিযোগীতার মাধ্যমে উপজেলা/মহানগর এলাকা হতে স্মার্ট চট্টগ্রাম বিনির্মাণের উদ্দেশ্যে প্রস্তাব/ আইডিয়া সংগ্রহ করা হবে। প্রত্যেক উপজেলা এবং মহানগর এলাকা হতে ৩ টি করে প্রস্তাব নির্বাচন করে জেলা পর্যায়ে চূড়ান্ত প্রতিযোগীতার আয়োজন করা হবে।

প্রতিযোগিতার নির্দেশাবলীঃ

১। সংশ্লিষ্ট উপজেলার যেকোন ব্যক্তি বা প্রতিষ্ঠান উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

২। আইডিয়া/প্রকল্প প্রস্তাব পিডিএফ ফরম্যাটে সংশ্লিষ্ট উপজেলার ওয়েবসাইটে বা অনলাইন পদ্ধতিতে আগামী ১৫ মার্চ থেকে ১৫ এপ্রিল, ২০২৩ এর মধ্যে প্রেরণ করতে হবে। এ উদ্দেশ্যে সংশ্লিষ্ট উপজেলার ওয়েবসাইটে অনলাইনে প্রস্তাব দাখিল করার জন্য একটি গুগল ডকস লিংক দেওয়া থাকবে।

৩। প্রস্তাবটি অবশ্যই যুগপোযোগী এবং বাস্তবায়নযোগ্য হতে হবে।

৪। প্রকল্পের অধিক্ষেত্র এবং ব্যয়সীমা বাস্তবসম্মত হতে হবে।

৫। প্রকল্প প্রস্তাবটি অবশ্যই স্মার্ট বাংলাদেশ এর মূলনীতির সাথে সম্পর্কিত হতে হবে।

৬। প্রস্তাবের সাথে প্রকল্পটির লক্ষ্য ও উদ্দেশ্য এবং বাস্তবায়ন পদ্ধতি সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। প্রকল্পটি দীর্ঘমেয়াদী হলে সেক্ষেত্রে স্বল্পমেয়াদী এবং মধ্যমেয়াদী পরিকল্পনা আলাদাভাবে উল্লেখ করতে হবে।

৮। "স্মার্ট চট্টগ্রাম বেস্ট আইডিয়া এওয়ার্ড" প্রতিযোগিতার প্রকল্পের জন্য নিম্নোক্ত ক্ষেত্রসমূহ নিয়ে কাজ করতে হবে:

| | |
|---|---|
| স্মার্ট সিটি | স্মার্ট কৃষি |
| স্মার্ট ভিলেজ | স্মার্ট ম্যানুফেকচারিং |
| স্মার্ট শিক্ষা | স্মার্ট সেবা খাত |
| স্মার্ট স্বাস্থ্যসেবা | স্মার্ট প্রশাসন |
| স্মার্ট সামাজিক সুরক্ষা | স্মার্ট ইউটিলিটি |

৯। প্রকল্প বাস্তবায়নের জন্য নিম্নের প্রযুক্তিসমূহ ব্যবহার করতে হবে:

| | |
|---|---|
| আর্টিফিসিয়াল ইনটেলিজেন্স | এআর / ভিআর |
| বিগ ডাটা এনালিটিকস | ব্লকচেইন |
| ক্লাউড কম্পিউটিং | ড্রোন |
| আইওটি | বায়ো/ ন্যানো টেকনোলজি |
| রোবটিক্স | সাইবার সিকিউরিটি |

১০। সংযুক্ত ফরমের তথ্য অনুযায়ী প্রকল্প প্রস্তাব তৈরী করতে হবে। প্রস্তাবের সাথে সম্পর্কিত পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন সংযুক্ত করা যাবে।

১১। প্রতিযোগীতার পূর্ণমান হবে ১০০ নম্বর। প্রতিটি উপজেলায় সেরা ০৩ (তিন) জন ব্যক্তি/প্রতিষ্ঠান এবং মহানগরে সেরা ০৫ (পাঁচ) জন ব্যক্তি/প্রতিষ্ঠান বিজয়ী নির্বাচন করা হবে। প্রথম পুরস্কার ৫০ হাজার টাকা, দ্বিতীয় পুরস্কার ৩০ হাজার টাকা এবং তৃতীয় পুরস্কার হিসেবে থাকবে ২০ হাজার টাকা। মহানগর এলাকার ৪র্থ ও ৫ম পুরস্কার হবে যথাক্রমে ১৫ (পনের)হাজার ও ১০ (দশ) হাজার টাকা।

১২। জেলার সকল উপজেলা এবং মহানগর এলাকার বিজয়ীদের নিয়ে সম্মিলিত ভাবে ৩ জন ব্যক্তি/প্রতিষ্ঠানকে বিজয়ী নির্বাচন করা হবে। প্রথম স্থান অধিকারী পুরস্কার হিসেবে পাবেন ৫ লক্ষ টাকা , দ্বিতীয় স্থান অধিকারী পাবেন ৩ লক্ষ টাকা এবং তৃতীয় স্থান অধিকারী পাবেন ২ লক্ষ টাকা।

১৩। সংশ্লিষ্ট উপজেলাতে প্রতিযোগীতা নিয়ে ব্যাপক প্রচারণা চালাতে হবে। সভা/সেমিনারের মাধ্যমে উপজেলা পর্যায়ে জনসম্পৃক্ততা বাড়াতে হবে। প্রয়োজনে ইউনিয়ন পর্যায়ে প্রতিযোগীতার আয়োজন করা যেতে পারে।

১৪। উপজেলা পর্যায়ে যাচাই বাছাই ও বিজয়ী নির্বাচনের সময়ঃ ২০ মার্চ হতে ২০ এপ্রিল, ২০২৩

১৫। উপজেলা পর্যায়ের বিজয়ীদের প্রস্তাব জেলা পর্যায়ের প্রতিযোগীতার জন্য দাখিল করার সময়ঃ ২৫-৩০ এপ্রিল, ২০২৩

১৬। উপজেলা যাচাই বাছাই কমিটি প্রাপ্ত প্রস্তাব/ আইডিয়াসমূহ যাচাই বাছাই করে ১ম, ২য়, ৩য় স্থান অধিকারীদের নাম ও প্রস্তাবসমূহ জেলা কমিটিতে প্রেরণ করবে এবং উপজেলা পর্যায়ে পুরস্কার প্রদান অনুষ্ঠানের আয়োজন করবে।

১৭। জেলা যাচাই বাছাই কমিটি ০১ মে, ২০২৩ হতে ০৫ মে, ২০২৩ এর মধ্যে উপজেলা থেকে প্রাপ্ত প্রস্তাবসমূহ যাচাই বাছাই করে জেলা পর্যায়ে ১ম, ২য়, ৩য় স্থান নির্বাচন করে পুরস্কারের জন্য মনোনীত করবে।

১৮। স্মার্ট চট্টগ্রাম সংক্রান্ত যেকোন তথ্যের জন্য ভিজিট করুন http://www.chittagong.gov.bd / এই ওয়েবসাইটে।

১৯। স্মার্ট চট্টগ্রাম প্রতিযোগীতায় অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট উপজেলায় ওয়েবপোর্টাল এবং মহানগরের জন্য www.chittagong.gov.bd তে লগ ইন করুন।

# স্মার্ট চট্টগ্রাম বেস্ট আইডিয়া এওয়ার্ড

উপজেলার নামঃ ............

| |
|---|
| ১। আইডিয়া/ প্রকল্পের নামঃ |
| ২। প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণঃ |
| ৩। লক্ষ্য ও উদ্দেশ্যঃ |
| ৪। বাস্তবায়ন পদ্ধতিঃ |
| ৫। প্রকল্প বাস্তবায়নে ব্যবহৃত প্রযুক্তিসমূহ : |
| ৬। বাস্তবায়নের স্থান/ অধিক্ষেত্রঃ |
| ৭। সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ/ অংশীজনঃ |
| ৮। বাস্তবায়নের সাথে সম্পর্কিত সরকারি দপ্তরসমূহঃ |
| ৯। প্রত্যক্ষ উপকারভোগীঃ |
| ১০। পরোক্ষ উপকারভোগীঃ |
| ১১। প্রকল্প বাস্তবায়নের সম্ভাব্য বাজেট ও খাতওয়ারী বিভাজন : |
| ১২। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সামগ্রিক প্রভাবঃ |

ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম, পদবী, মোবাইল নং ও স্বাক্ষর

ই-মেইল :